

বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangladesh Medical University

শাহবাগ, ঢাকা - ১০০০ |


নং-বিএমইউ/হাসঃপ্রশাঃ/নিলাম/ ৪৬৬৫

তারিখ : ২০/০৪/২০২৬ইং

“অকেজো গাড়ি বিক্রয় পুনঃ নিলাম বিজ্ঞপ্তি”

বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের গত ০৪/০৮/২০২৪ইং তারিখে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে দুষ্কৃতিকারী কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে রক্ষিত ভাঙ্গুরকৃত ও ক্ষতিগ্রস্ত লট নং ০১ তে ১৫টি কনডেমকৃত গাড়ি পুনঃ নিলামে বিক্রয়ের নিমিত্তে নির্ভরযোগ্য প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদার নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলকারীগণ লট নং ০১ এর জন্য একত্রে দর দাখিল করবেন। সকল কর্মদিবসে সকাল ৮.৩০ হতে ২.০০টা পর্যন্ত এই বিশ্ববিদ্যালয়ের পরিচালক (হাসপাতাল) অফিসের অধীনস্থ বি ব্লক কক্ষ নং ১০০৯, রেজিস্ট্রার অফিস এবং পরিচালক(অর্থ ও হিসাব)অফিস হতে আগামী ২৫/০৪/২৬ইং তারিখ হতে ০৫/০৫/২৬ ইং তারিখ পর্যন্ত সিডিউল পাওয়া যাবে। সিডিউল ক্রয়ের ক্ষেত্রে বিএমইউ নিজস্ব তহবিল, হিসাব নং ৩৬-৭, পূবালী ব্যাংক লিমিটেড, শাহবাগ এভিনিউ শাখায় ১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা) মাত্র অফেরতযোগ্য নগদ জমা প্রদান করে জমা মূল লিপ প্রদান সাপেক্ষে প্রতিসেট সিডিউল পাওয়া যাবে। পুরাতন কনডেমকৃত গাড়িগুলো প্রত্যহ সকাল ৮.৩০ হতে দুপুর ২.০০ টা পর্যন্ত (ছুটির দিন ব্যতিত) সরেজমিনে দেখা যাবে। দরপত্রের সাথে আর্নেস্টম্যানি দাখিলকৃত মোট মূল্যের ৫% (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যে কোন তফসিলি ব্যাংক হতে পরিচালক (হাসপাতাল) ও সভাপতি, মালামাল কনডেমকরণ ও বিক্রয় কমিটি, বিএমইউ, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে। দরপত্র সিডিউলে বর্ণিত শর্তসমূহ যথাযথ পালনীয়, অন্যথায় দরপত্র কার্যকরী বিবেচিত হবে না। আগামী ০৬/০৫/২৬ইং তারিখ সকাল ৯.০০ টা থেকে দুপুর ১২.০০টার মধ্যে পরিচালক (হাসপাতাল) অফিস, রেজিস্ট্রার অফিস এবং শাহবাগ থানায় সামনে রক্ষিত দরপত্র বক্সে সীলগালাকৃত খামে দরপত্র দাখিল করা যাবে এবং একই দিনে দুপুর ১.০০ টার সময় মালামাল কনডেমকরণ ও বিক্রয় কমিটির সভায় দরদাতা অথবা মনোনীত যোগ্য প্রতিনিধির সম্মুখে দরপত্র খোলা হবে।

উল্লেখ্য, কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র যে কোন পর্যায়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২০/৪/২৬

পরিচালক (হাসপাতাল)

বিএমইউ, শাহবাগ, ঢাকা- ১০০০।

নং বিএমইউ/হাসঃপ্রশাঃ/নিলাম/২০২৬/ ৪৬৬৫/২০২৬

তারিখ : ২০/০৪/২০২৬ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। রেজিস্ট্রার, বিএমইউ, ঢাকা।
- ২। প্রক্টর, বিএমইউ, ঢাকা।
- ৩। অকেজো মালামাল নিলামকরণ কমিটির সভাপতি ও সকল সদস্য, বিএমইউ, ঢাকা।
- ৪। পরিচালক (অর্থ ও হিসাব), বিএমইউ, ঢাকা।
- ৫। একান্ত সচিব, মাননীয় ভিসি, বিএমইউ, ঢাকা।
- ৬। মোঃ নাজমুল হোসেন, উপ-রেজিস্ট্রার ও সদস্য সচিব, পরিবহন কমিটি, বিএমইউ, ঢাকা।
- ৭। একান্ত সচিব, মাননীয় প্রো-ভিসি(শিক্ষা/গবেষণা ও উন্নয়ন/প্রশাঃ)/ট্রেজারার, বিএমইউ, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শাহবাগ থানা, ডিএমপি, শাহবাগ, ঢাকা - ১০০০।
- ৯। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট।
- ১০। বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড, বিএমইউ, ঢাকা।
- ১১। অফিস কপি।

(মোহাম্মদ মোজাম্মেল হক)

সহকারী প্রকৌশলী(বায়োমেডিক্যাল)

ও সদস্য সচিব, নিলাম কমিটি.